

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২৩- ২২৬

তারিখ : ২০/১২/২০২৩

ফরম নং-২৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়ালের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ..... হইতে.....
পর্যন্ত..... জেলা.....২০..... সালের
..... পর্যন্ত

মামলার ধরণ : জনাব অরুপ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা এর গত ১০/১২/২০২৩ তারিখের তথ্য প্রাপ্তির আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৯২/২০২৩)।**

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০১ ২০/১২/২০২৩	<p>জনাব অরুপ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা এর গত ১০/১২/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ২০/১২/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য। শুনানীর নোটিশ ডাক ও মেইল যোগে প্রেরণ করা হয়েছে। আপীলকারী জনাব অরুপ রায় অনুপস্থিত এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি জনাব নুসরাত নওশীন, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেছেন।</p> <p>দেখলাম। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব অরুপ রায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ০২/১০/২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন। পরবর্তিতে নিম্নবর্ণিত চাহিত তথ্যের প্রেক্ষিতে সংক্ষুদ্ধ হয়ে এ আপীল আবেদন করেন।</p> <p>“ক” আব্দুল হামিদ, পিতা-মৃত তালের ব্যাপারী, মাতা-হাজেরা বেগম, সুরুজ মিয়া, পিতা-আব্দুল হামিদ বেপারী, মাতা-সূর্য খাতুন, মো: সাঈদ, পিতা-সালমান, মাতা-হামিদা বেগম এবং বাবুল হোসেন, আব্দুস ছালাম, আনোয়ার হোসেন, আবুল কালাম, আবদুল বারেক, ইব্রাহীম মাওলানা, আবদুল আলীম, আবদুল হাই, শকুর আলী, সুরুজ মিয়া, মোহাম্মদ আলী ও আবু সাঈদসহ যেসব ব্যক্তি ঢাকা জেলার সাভার উপজেলার সীমানা দিয়ে প্রবাহমান বংশী নদীর তীরে সাভারের খঞ্জনকাঠি ও ঘোড়াদিয়া মৌজার খাসজমিতে অবৈধভাবে স্থাপনা নির্মাণ করে বসবাস করছেন তাদের তালিকা তৈরি হয়েছে কিনা তা জানতে চাই।</p> <p>খ) অবৈধ দখলদারদের তালিকা তৈরির কাজ শুরু হলে এ পর্যন্ত যতজন অবৈধ দখলদারের তালিকা তৈরি করা হয়েছে সেই তালিকা।</p> <p>গ) তালিকা তৈরি করা না হলে কেন করা হয়নি এবং তালিকা তৈরি না করার পেছনে সংশ্লিষ্ট দপ্তরের যেসব কর্মকর্তা-কর্মচারির গাফিলতি আছে তাঁদের নাম ও পদবী জানতে চাই।”</p> <p>সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধির বক্তব্য:</p> <p>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি জনাব নুসরাত নওশীন, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে, জনাব অরুপ রায় গত ০২/১০/২০২৩ ইং তারিখে একটি তথ্য প্রাপ্তির আবেদন করেন। উক্ত তথ্যটি উপজেলা নির্বাহী</p>	


অফিসার, সাভার, মহোদয়ের কার্যালয় সংশ্লিষ্ট বিধায় গত ১৭/১০/২০২৩ ইং তারিখে ৩১৫/১ নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সাভার মহোদয়ের কার্যালয়ে তথ্য প্রদান করার জন্য পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে তথ্য প্রদান করতে বিলম্ব হওয়ায় তাদের সাথে ফোনে যোগাযোগ করা হয়েছে এবং তথ্য দ্রুত সরবরাহ করার জন্য তাগিদ দেয়া হয়েছে। অবশেষে ১৯/১২/২৩ খ্রিঃ তারিখে ০৪.১০ মিনিটে সংশ্লিষ্ট দপ্তর থেকে ই-মেইলের মাধ্যমে তথ্য প্রেরণ করা হয়। তথ্য প্রাপ্তির সাথেই তথ্য ও অভিযোগ শাখা থেকে আপীলকারীকে তথ্য ফি প্রদানপূর্বক তথ্য সংগ্রহ করার জন্য ই-মেইল এবং বিশেষ বাহক মারফত পত্র দেয়া হয়েছে।

পর্যালোচনা:

আপীল প্রতিপক্ষের বক্তব্য পর্যালোচনায় দেখা যায়, চাহিত তথ্য প্রাপ্তির পরই জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর তথ্য অভিযোগ শাখা থেকে আপীলকারীকে তথ্য ফি প্রদানপূর্বক তথ্য সংগ্রহ করার জন্য ই-মেইল এবং বিশেষ বাহক মারফত পত্র দেয়া হয়েছে। উপরন্তু আপীলকারী অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা যায় নি। তবে এ কার্যালয়ের আপীল রেজিস্ট্রার পর্যালোচনায় দেখা যায়, আপীলকারী তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীন আপীল করে প্রায় শুনানীতেই অনুপস্থিত থাকেন, যা তার অসহযোগিতা এবং উদ্দেশ্যমূলক হিসেবে প্রতীয়মান।

অভ্যেব আদেশ হয় যে,


আপীল আবেদনটি না-মঞ্জুর পূর্বক নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।


মোহাম্মদ মমিনুল হাফিজ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২৩- ২২৬(৮)

তারিখ : ২০/১২/২০২৩

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। জনাব অবুপ রায়, পিতা-মৃত উৎপল রায়, মাতা-মৃত নন্দিতা রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), উপজেলা-সাভার, জেলা-ঢাকা।


কাউন্সিলর হামিদ
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।